# Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 31 May, 2025

জাপানে বসে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের কথার সমালোচনা করে বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় বলেছেন, মানুষ চিনতে ভুল করেছেন।এবার গণতন্ত্রের বিজয় আদায় করতেই হবে।

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৪তম শাহাদাৎবার্ষিকী উপলক্ষে শনিবার (৩১ মে) সকালে শিশু একাডেমিতে জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা (জাসস) আয়োজিত আলোকচিত্র ও হস্তলিপি প্রদর্শনী উদ্বোধন শেষে তিনি এসব কথা বলেন।

গয়েশ্বর বলেন, 'ছাত্র-জনতার বিজয় হয়েছিল গনতন্ত্র ও সুষ্ঠু নির্বাচনের জন্য।সেই বিজয়ের সুফল কিছু মানুষ ভোগ করতে চাইলে ইতিহাসের আস্তাকুড়ে যাবে।

সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান স্বাধীনতা, গণতন্ত্র ও সার্বভৌমত্বের স্বার্থে গণমানুষের পাশে ছিলেন উল্লেখ করে গয়েশ্বর বলেন, 'জিয়াউর রহমান প্রচারমুখী ছিলেন না, প্রচারই তার পিছুপিছু নিত।অধিক সময় নিতেন না তার বক্তব্যে।স্বাধীনতা ও গণতন্ত্রের জন্য কি করতে হবে, কেন করতে হবে, তা নিয়েই তিনি কাজ করতেন।

'তিনি যা করতেন না, তা বলতেন না।জিয়াউর রহমান দয়াপরবশ ছিলেন।জাতির মধ্যে তার আগমনটাও অত্যন্ত আকস্মিক,' যোগ করেন বিএনপির এই নেতা।

জিয়ার স্মৃতি চারণ করতে গিয়ে গয়েশ্বর বলেন, 'জিয়াউর রহমানের সম্পর্কে অনেক অনেক স্মৃতি রয়েছে, সব বলা সম্ভব নয়।জিয়া মানেই জাতীয়তাবাদী, জিয়া মানেই দেশপ্রেমিক, জিয়া মানেই গণতন্ত্র।তার প্রত্যেকটা পদচারণার মধ্যে উদ্দেশ্য থাকতো জাতির জন্য।জাতি জিয়ার আদর্শকে বুঝতে পারলে আমাদের মধ্যে ভয় থাকবে না।

প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস অন্তর্বর্তী সরকার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:18

URL: https://www.timestodaybd.com/public/politics/7758073182